কুষ্টিয়ায় মেধা’র রজতজয়ন্তী উপলক্ষে সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ

মেধা’র রজতজয়ন্তী উপলক্ষ্যে আমীন সার্জিকেল এর সৌজন্যে সালেহ-আমীন সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) সকালে শহরের কারামায় চাইনিজ রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক মোঃ আাবদুর কাদের।

মেধা’র নির্বাহী পরিষদের সহ-সভাপতি মোঃ শাহ নেওয়াজ আনসারী মঞ্জুর সভাপতিত্বে এবং সদস্য সচিব শামীম আহমেদের সার্বিক তত্বাবধায়নে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমাজসেবা অফিসার মোঃ জহিরুল ইসলাম এবং সালমা খানম, মেধার উপদেষ্টা পরিষদের সদস্য ড. নবীনূর রহমান খান, এসএম কাদেরী শাকিল, রফিকুল ইসলাম রফিক, আব্দুল মান্নান বিদ্যুৎ, আইয়ুব হোসেন, মোকাররম হোসেন মোয়াজ্জেম প্রমুখ।

মেধা একটি কল্যাণকামী প্রতিষ্ঠান উল্লেখ করে বক্তারা বলেন, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে যা আমাদের দেশের জন্য অনুকরনীয় হয়ে থাকবে।

বক্তারা আরও বলেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা- সামগ্রী প্রদান, শিক্ষাবৃত্তি প্রদান, বিনামুুল্যে কম্পিউটার প্রশিক্ষন প্রদানসহ নানান মহৎ কর্মসূচি মেধাবীদের লালনে সচেষ্ট থেকে জেলার দরিদ্র অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ গঠনে অনুপ্রেরণামূলক কার্যক্রম পরিচালনা করে চলেছে এজন্য তারা প্রশংসা পাবার যোগ্য।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেধার প্রচার সম্পাদক মোঃ আলমগীর আশরাফ। পরে বিভিন্ন ক্যাটাগরীতে সাধারণ জ্ঞান প্রতিযোগিতায়

বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরষ্কার তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানে মেধার নির্বাহী পরিষদ ও সাধারন সদস্যরা ছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।